রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২২, ২০২৩

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৮ আষাঢ়, ১৪৩০/২২ জুন, ২০২৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৮ আষাঢ়, ১৪৩০ মোতাবেক ২২ জুন, ২০২৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্দ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০২৩ সনের ১১ নং আইন

## ২০২৩ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০২৩ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১০১২৫৪,৩০,৭১,০০০ (এক লক্ষ এক হাজার দুইশত চুয়ান্ন কোটি ত্রিশ লক্ষ একাত্তর হাজার) টাকা প্রদান।**—২০২৩ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির



**মূল্য :** টাকা ৪.০০

বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত **১০১২৫৪,৩০,৭১,০০০ (এক লক্ষ এক হাজার দুইশত চুয়ান্ন কোটি ত্রিশ লক্ষ একাত্তর হাজার)** টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। **নির্দিষ্টকরণ**।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২৩ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**তফসিল**

(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৭ | অর্থ বিভাগ | ৮০৬৮২,৮২,৩৬ | -১৩১৫৯২৩,৭৪ | ৬৭৫২৩,৫৮,৬২ |
| ০৯ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ০ | ৫০৪,০৫,৮০ | ৫০৪,০৫,৮০ |
| ১০ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ৩২৭২,০০,০০ | -১৫৪০৪,৬৮ | ৩১১৭,৯৫,৩২ |
| ১১ | পরিকল্পনা বিভাগ | ০ | ২২৪৭,৮৪,০৬ | ২২৪৭,৮৪,০৬ |
| ২৭ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১১২,০৫,১১ | ১১২,০৫,১১ |
| ২৮ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ১১৩,১৯,৬৯ | ১১৩,১৯,৬৯ |
| ২৯ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ১৮৭৬,৫১,৫৮ | ১৮৭৬,৫১,৫৮ |
| ৩০ | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ০ | ২৭৬,৮৫,৪৫ | ২৭৬,৮৫,৪৫ |
| ৩১ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২৪,৭৬,৫২ | ২৪,৭৬,৫২ |
| ৩২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১৭০৭,৬২,৯৭ | ১৭০৭,৬২,৯৭ |
| ৩৩ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৩৫২,৭৭,৪৯ | ৩৫২,৭৭,৪৯ |
| ৩৪ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ৩৪৯১,৯৩,৪৫ | ৩৪৯১,৯৩,৪৫ |
| ৩৬ | শিল্প মন্ত্রণালয় | ০ | ৭০১,৩২,৪০ | ৭০১,৩২,৪০ |

| মঞ্জুরি নং | কার্য ও উদ্দেশ্যসমূহ | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | হিসাবের প্রধান খাতসমূহ | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩৯ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ৩২,৪৬,০৪ | ৩২,৪৬,০৪ |
| ৪০ | কৃষি মন্ত্রণালয় | ০ | ৯৫৮৫,৪১,৫৭ | ৯৫৮৫,৪১,৫৭ |
| ৪৪ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ৩৩৫৯,২৪,০৮ | ৩৩৫৯,২৪,০৮ |
| ৪৫ | খাদ্য মন্ত্রণালয় | ০ | ২৮৮৬,৬৪,৭৫ | ২৮৮৬,৬৪,৭৫ |
| ৪৬ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ৫৩৫,০৮,৩৯ | ৫৩৫,০৮,৩৯ |
| ৫১ | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | ০ | ৫৫১,৬১,৯১ | ৫৫১,৬১,৯১ |
| ৫২ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৬২,৮৬,২৮ | ৬২,৮৬,২৮ |
| ৫৩ | বিদ্যুৎ বিভাগ | ০ | ১১১৩,৪০,৭৮ | ১১১৩,৪০,৭৮ |
| ৫৪ | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১০৭৭,০৮,৪৫ | ১০৭৭,০৮,৪৫ |
| | **মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি** | **৮৩৯৫৪,৮২,৩৬** | **১৭২৯৯,৪৮,৩৫** | **১০১২৫৪,৩০,৭১** |

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd